



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪২

তারিখ: ১৬.০৩.২০২০ খ্রি.

বিষয়: HSP-MIS সফটওয়্যারে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের পিতা-মাতা ব্যতীত অন্যান্য অভিভাবক হিসাবধারী শিক্ষার্থীদের পিতা/মাতার নামীয় হিসাবে পরিবর্তন এবং অন্যান্য অভিভাবকের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর হালনাগাদকরণ সংক্রান্ত।

- সূত্র: ০১। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৪; তারিখ: ১০.০২.২০২০ খ্রি.
০২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৯; তারিখ: ২৩.০২.২০২০ খ্রি.
০৩। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৩৭; তারিখ: ০৯.০৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে বর্তমানে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও পিতা/মাতা ব্যতীত ‘অন্যান্য ব্যক্তিকে অভিভাবক’ হিসাবে নির্বাচন করেছে এবং তাদের নামে ‘খোলা হিসাব নম্বর’-এ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে উক্ত সফটওয়্যারে এন্ট্রি দিয়েছে এমন শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অভিভাবক হিসেবে পিতা/মাতা কে নির্বাচন এবং পিতা/মাতা অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর এন্ট্রি করে তথ্য হালনাগাদকরণ করার সময়সীমা ১৫.০৩.২০২০ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। বিশেষ বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS সফটওয়্যারে অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তন আগামী ০৫.০৪.২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তন এর অপশন ০৫.০৪.২০২০ তারিখ বিকাল ৫.০০ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

- ০২। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
০৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বর্ণিত কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)

স্কিম পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৫৫০০২০৭৩

ই-মেইল: hsp@pmeat.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।
- ০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান। (নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো)
- ১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।